অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/12/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল শিশু ফর্মুলা ঘাটতির মধ্যে নিউ ইয়র্কের পরিবারগুলির জন্য সংস্থান ঘোষণা করেছেন

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ নিউইয়র্ক স্টেট ফর্মুলা, ডায়াপার এবং শিশু সরবরাহের বিতরণে সমর্থন অব্যাহত রেখেছে WIC অংশগ্রহণকারীদের জন্য সহ, এবং সক্রিয়ভাবে চলমান ঘাটতিগুলি পর্যবেক্ষণ করছে

নিউ ইয়র্কবাসীদের নিউ ইয়র্ক স্টেট উওমেন, ইনফ্যান্টস অ্যান্ড চিলড্রেন অফিসে যাওয়া উচিত অথবা অফিসের চ্যাটবটের সাথে প্রিস্ক্রিন করা উচিত WIC সুবিধার জন্য শিশুর যোগ্যতা যাচাই করার জন্য

গভর্নর ক্যাথি হোকল আজ দেশব্যাপী শিশু ফর্মূলার ঘাটতির মধ্যে নিউ ইয়র্কের পরিবারগুলির জন্য সংস্থান ঘোষণা করেছেন। ফেব্রুয়ারী 17 এ, মার্কিন ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন গ্রাহকদের অ্যাবট নিউট্রিশনস স্টার্গিসের (Abbott Nutrition's Sturgis), মিশিগান ফ্যাসিলিটি থেকে নির্দিষ্ট কিছু গুড়ো ইনফ্যান্ট ফর্মুলা পণ্য ব্যবহার না করার জন্য সতর্ক করেছিল এবং অ্যাবট কিছু পণ্যের স্বেচ্ছায় প্রত্যাহার শুরু করেছিল। সেই সময় থেকে, খাদ্য এবং ঔষধ প্রশাসন (Food and Drug Administration) মার্কিন বাজারে নিরাপদ পণ্য আনতে এবং শিশু ও বিশেষ ফর্মুলা পণ্যের প্রাপ্যতা বাড়াতে অ্যাবট এবং অন্যান্য নির্মাতাদের সাথে কাজ করছে।

"আমাদের ফেডারেল অংশীদারদের সাথে ঘনিষ্ঠ সমন্বয়ে, নিউ ইয়র্ক স্টেট তাদের শিশুদের জন্য ফর্মূলার প্রয়োজন আছে মন নিউ ইয়র্ক পরিবারগুলিকে সমর্থন করার জন্য যথাসাধ্য চেষ্টা চালিয়ে যাবে," **গভর্নর হোকল বলেন।** "আমার প্রশাসন প্রতিটি নবজাতক এবং শিশুর সুস্থ থাকার জন্য প্রয়োজনীয় পুষ্টি সহায়তার অ্যাক্সেস রয়েছে তা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমি প্রত্যেক পিতা-মাতা এবং অভিভাবককে এই সংস্থানগুলির সদ্ব্যবহার করার জন্য এবং তাদের পরিবারের যত্ন নেওয়ার জন্য গুরুত্বপূর্ণ তথ্যের সাথে হালনাগাদ থাকার জন্য অনুরোধ করছি।"

মহামারী জুড়ে, স্বাস্থ্য দপ্তর তার হোম ভিজিটিং প্রোগ্রাম এবং অংশীদারিত্বের নেটওয়ার্কের মাধ্যমে ডায়াপার, ফর্মুলা এবং অন্যান্য শিশু পণ্য সরবরাহের বিতরণকে সমর্থন করা অব্যাহত রেখেছে। নিউ ইয়র্ক স্টেট WIC প্রোগ্রাম পরিচালনার মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ সরবরাহ শৃঙ্খলের ব্যাঘাতের উপর নজরদারি চালিয়ে যাচ্ছে যা তার অংশগ্রহণকারীদের হয়ত প্রভাবিত করছে।

সাম্প্রতিক ফর্মুলা সরবরাহ সমস্যার আলোকে, বিভাগটি ফর্মুলা নির্মাতাদের সাথে যোগাযোগ বাড়িয়েছে উৎপাদন, ক্যানের আকার, সরবরাহ এবং চালান নিরীক্ষণ করার জন্য। নিউ ইয়র্ক স্টেট WIC প্রোগ্রাম অংশগ্রহণকারীদের বিকল্প দোকান, যেখানে ফর্মূলগুলি মজুত আছে, সেখান থেকে প্রয়োজনীয় ফর্মুলাগুলি পেতে সাহায্য করতে সক্ষম হয়েছে এবং নির্মাতাদের সাথে সমন্বয় করে যাতে যে অংশগ্রহণকারীরা স্থানীয়ভাবে তা খুঁজে পান না, তাদের কাছে ফর্মুলা পৌঁছে দেওয়া যায়। নিউ ইয়র্ক WIC অংশগ্রহণকারীদের উচিত সহায়তার জন্য তাদের স্থানীয় সংস্থার সাথে যোগাযোগ করা প্রয়োজনে পণ্য খুঁজে বার করার জন্য।

ডিপার্টমেন্টের চ্যাটবট ওয়ান্ডার মাধ্যমে, নিউ ইয়র্কবাসীরা "ব্যক্তিগত WIC সহকারী" এর মাধ্যমে সরাসরি, অ্যাক্সেসযোগ্য অনলাইন নেভিগেশন সহায়তা পেতে পারেন এবং দেখতে পারেন যে তাদের শিশু WIC সুবিধার জন্য যোগ্য কিনা।

রাজ্যের স্বাস্থ্য কমিশনার ডাঃ মেরি টি বাসেট বলেন, "শিশু ফর্মুলা সরবরাহের ঘাটতির প্রতিবেদনগুলি উদ্বেগজনক, এবং আমরা নিউ ইয়র্কের পরিস্থিতি পর্যবেক্ষণ করতে থাকার সাথে সাথে নিউ ইয়র্কের পরিবারগুলিকে বিভাগের সুপারিশগুলি মেনে চলার জন্য অনুরোধ করছি। নিউ ইয়র্কের পরিবারগুলিকে তাদের শিশুর চিকিৎসা প্রদানকারীর সাথে কাজ করা উচিত যদি তাদের শিশুর প্রয়োজন মেটানোর জন্য একটি নতুন ফর্মূলার পরামর্শের প্রয়োজন হয় এবং সমস্ত নিউ ইয়র্কবাসীদের তাদের স্থানীয় নিউ ইয়র্ক স্টেট উইমেন, ইনফ্যান্টস অ্যান্ড চিলড্রেন অফিসে যাওয়া উচিত অথবা ডিপার্টমেন্টের চ্যাটবট ওয়ান্ডার সাথে প্রিস্ক্রিন করা উচিত তাদের শিশু WIC সুবিধার জন্য যোগ্য কিনা তা দেখতে। আমাদের কনিষ্ঠতম নিউ ইয়র্কবাসীদের সর্বোত্তম যত্ন নেওয়ার জন্য পরিবারগুলির কাছে পুষ্টি সহায়তা এবং সংস্থান রয়েছে তা নিশ্চিত করতে বিভাগটি প্রতিশ্রুতিবদ্ধ।"

বর্তমান চাহিদা পূরণ করার প্রয়াসে, অনেক দোকান এক সময়ে গ্রাহকরা কতটা ফর্মুলা ক্রয় করতে পারেন তা সীমিত করছে। এটি গুরুত্বপূর্ণ যে পরিবারগুলি যেন ফর্মুলা মজুদ না করে, যা সরবরাহ শৃঙ্খল এবং তাদের সম্প্রদায়ের অন্যান্য পরিবারকে আরও প্রভাবিত করবে। যে পরিবারগুলি তাদের শিশুর জন্য প্রয়োজনীয় ফর্মুলা খুঁজে পেতে সংগ্রাম করছে, তাদের জন্য বিভাগ নিম্নলিখিতগুলি সুপারিশ করে:

- আপনার OBGYN বা শিশুর চিকিৎসা প্রদানকারীকে কল করুন তাদের অফিসে নমুনা আছে কিনা তা দেখতে বা অনুরূপ ফর্মুলা সুপারিশ করতে পারেন কিনা যা দোকানে আরও সহজে পাওয়া যেতে পারে যা শিশুর চাহিদা মেটাতে পুষ্টির দিক থেকে অনুরূপ।
- শিশুর চিকিৎসা প্রদানকারীর দ্বারা সুপারিশ করা হলে উপলব্ধ অন্য ব্র্যান্ড বা ধরণে বদল করুন।
- একটি স্থানীয় নিউ ইয়র্ক স্টেট উওমেন, ইনফ্যান্টস অ্যান্ড চিলড্রেন অফিসে যোগাযোগ করুন অথবা ডিপার্টমেন্টের চ্যাটবট ওয়ান্ডার সঙ্গে প্রিস্ক্রিন করুন শিশুটি WIC সুবিধার জন্য যোগ্য কিনা তা দেখতে।

- WIC সহ পরিবারগুলির নিউ ইয়র্ক স্টেট উওমেন, ইনফ্যান্টস অ্যান্ড চিলড্রেন অফিসের বিক্রেতা সাইট পরীক্ষা করা উচিত WIC অনুমোদিত বিক্রেতাদের একটি তালিকা খুঁজে পেতে যাদের স্টকে ফর্মুলা থাকতে পারে।
- ফর্মুলা রাখে এমন ছোট দোকান এবং ওষুধের দোকানে যান। তাদের স্টকে ফর্মুলা আছে কিনা তা দেখার জন্য আপনি আগে কল করতে পারেন।
- উপলব্ধ বিকল্পগুলির জন্য অনলাইনে দেখুন তবে কেবল সু-স্বীকৃত পরিবেশক এবং ফার্মেসী থেকে অর্ডার করতে ভুলবেন না। সোশ্যাল মিডিয়া সাইট, অনলাইন নিলামে বা বিদেশ থেকে, আপনি যাদের চেনেন না তাদের কাছ থেকে অনলাইনে ফর্মুলা কিনবেন না।
- আপনার কাছে ইতিমধ্যেই থাকা ফর্মূলার লট কোড পরীক্ষা করুন নিশ্চিত করতে যে সেটি প্রত্যাহার করা হয়নি। প্রত্যাহার করার অংশ নয় এমন ফর্মুলা ফেলে দেবেন না, যদি না তার মেয়াদ শেষ হয়ে গিয়ে থাকে।
- ফর্মুলা প্রস্তুতকারকের প্রস্তুতি এবং সংরক্ষণের নির্দেশাবলী মেনে চলতে ভুলবেন না।
- শিশুদের খাওয়ানোর জন্য টডলার ফর্মুলা বাচ্চাদের খাওয়ানোর জন্য ব্যবহার করবেন না।
- ফর্মুলায় জল দিয়ে পাতলা করবেন না বা ইনফ্যান্ট ফর্মুলা তৈরি করার চেষ্টা করবেন না বাড়িতে।
- গর্ভবতী ব্যক্তিদের তাদের শিশুকে বুকের দুধ খাওয়ানোর বিষয়ে একজন প্রদানকারীর সাথে পরামর্শ করতে উৎসাহিত করা হয়। নিউ ইয়র্ক স্টেট WIC প্রোগ্রাম এছাড়াও বুকের দুধ খাওয়ানোর সহায়তা এবং নতুন পপরিবারদের জন্য সংস্থান প্রদান করে। শিশুর মা ব্যতীত অন্য কোন উৎস থেকে শিশুকে মানুষের দুধ খাওয়ানো পরিবারগুলির কেবল এমন উৎসের দুধ ব্যবহার করা উচিত যা তার দুধ দাতাদের স্ক্রীন করেছে এবং এর দুধের নিরাপত্তা নিশ্চিত করতে অন্যান্য সতর্কতা অবলম্বন করেছে।

বিভাগটি FDA-র এই সুপারিশ শেয়ার করে যে পরিবারগুলির বাড়িতে ফর্মুলা তৈরি করা উচিত নয় এবং পরিচর্যাকারীদের তাদের সন্তানের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কাজ করতে উৎসাহিত করে, প্রয়োজন হলে খাওয়ানোর অভ্যাস পরিবর্তনের সুপারিশের জন্য।

যখন নিউ ইয়র্কের পরিবারগুলি ফর্মূলার বিকল্প উৎস খুঁজছেন, নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ কনজিউমার প্রোটেকশন (New York State Division of Consumer Protection) একটি সতর্কতা জারি করেছে বাবা-মায়েদের অনলাইন স্ক্যাম এবং অসাধু বিক্রেতাদের সম্পর্কে সচেতন হতে স্মরণ করিয়ে দিয়ে যারা পরিস্থিতির সুবিধা নেওয়ার চেষ্টা করতে পারে।

স্বাস্থ্য বিভাগ পরিস্থিতি পর্যবেক্ষণ করতে থাকবে এবং নিউ ইয়র্কের পরিবারগুলির সাথে খোলামেলাভাবে যোগাযোগ করবে। আরও তথ্য, সমর্থন, এবং WIC যোগ্যতার জন্য, নিউ ইয়র্ক স্টেট উওমেন, ইনফ্যান্টস অ্যান্ড চিলড্রেন অফিসে অথবা ওয়ান্ডার সাথে প্রিস্ক্রিন করুন।

পরিচর্যাকারীরা FDA থেকে প্রাপ্ত সাম্প্রতিকতম তথ্য এখানে. পড়তে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418